

## জুলাই ২০১৭ সেশনে এমফিল/এম.এমএড/ডিপ্লোমা কোর্সের ভর্তি পরীক্ষা নিয়ে সভা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের জুলাই ২০১৭ সেশনে এমফিল/এম.এমএড/ডিপ্লোমা কোর্সের ভর্তি পরীক্ষা নিয়ে গত ২৬ জানুয়ারি ২০১৭ইং তারিখ, বৃহস্পতিবার, এক গুরুত্বপূর্ণ সভা অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা)-এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন। সভায় উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। আরো উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, সাবেক উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. মোঃ রুহুল আমিন মিয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. ইকবাল আর্সলান, সার্জারি অনুষদের ডীন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ ইফতেখার আলম প্রমুখ।